

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ২৪৫৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যখন কোন ব্যক্তি ফজরের দুই রাকাত সালাত আদায় করতে ইচ্ছা করবে, তখন তার জন্য মুস্তাহাব হলো তা হালকা করে আদায় করা

ذَكَرُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ أَنْ يُخَفِّفَ رَكَعَتَيِ الْفَجْرِ إِذَا أَرَادَهُمَا

আরবী

2456 - أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى قَالَ: حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا أَبُو خَالِدٍ الْأَحْمَرُ وَيَزِيدُ بْنُ هَارُونَ عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ عَنْ مُحَمَّدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ عَمْرَةَ عَنْ عَائِشَةَ قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا صَلَّى رَكَعَتَيِ الْفَجْرِ خَفَّفَهُمَا حَتَّى يَقَعَ فِي نَفْسِي أَنَّهُ لَمْ يَقْرَأْ بِفَاتِحَةِ الْكِتَابِ.

الراوي : عَائِشَةُ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2456 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1141)، ((صفة الصلاة)): ق.

বাংলা

২৪৫৬. আয়িশা রাযিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন ফজরের দুই রাকাত সালাত আদায় করতেন, তখন তিনি এমন হালকা করে আদায় করতেন যে, আমার মনে হতো যে, তিনি হয়তো সূরা ফাতিহা পাঠ করেননি।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/২০৪; সহীহ মুসলিম: ৭২৪; মুয়াত্তা ইমাম মালিক: ১/১২১; সহীহ আল বুখারী: ১১৭০; আবু দাউদ: ১৩৩৯; তাহাবী: ১/২৮৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহু ল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা

নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১১৪)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=91781>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন